দৈনিক বাংলা

তারিখ 24 OCT 1992
পৃষ্ঠা 16 কলাম 8

36

# শিক্ষার বিকেন্দ্রীকরণ করতে হবে ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশে একটি গণমুখী ও বৈষম্যহীন শিক্ষা ব্যবস্থা চালুর লক্ষ্যে বাস্তমুখী কর্মসূচী গ্রহণ করছে। তিনি বলেন, শিক্ষার সুফল গ্রামের মানুষের দোড়গোড়ায় পৌঁছে দিতে হলে শিক্ষাকে বিকেন্দ্রীকরণ করতে হবে।

শিক্ষামন্ত্রী শুক্রবার তেজগাঁও কলেজে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের জাতীয় প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যক্ষ মুকাররম হোসেনের সভাপতিত্বে এ সম্মেলনে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান প্রফেসর ডঃ ইয়াজউদ্দীন আহমেদ, ডাকসুর জিএস খায়রুল কবীর খোকন, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি ডঃ এনামুল হক খান, শিক্ষক সমিতি ঐক্যফ্রন্টের মহাসচিব নজরুল ইসলাম, বাকশিস সভাপতি অধ্যাপক শরীফুল ইসলাম ও অধ্যক্ষ তোফায়েল আহমদ চৌধুরী বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকতা একটি মহান পেশা এবং শিক্ষকরা সমাজের শ্রদ্ধারপাত্র। তিনি বলেন, ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত দেশে গণতান্ত্রিক ব্যবস্থা থাকলে শিক্ষকদের মর্যাদা অনেক উর্ধ্বে থাকত এবং শিক্ষার মানও অনেক উন্নত হতো। তিনি বলেন, জনগণের ভোটে নির্বাচিত বর্তমান সরকার শিক্ষকদের সমস্যা পর্যায়ক্রমে আলোচনার মাধ্যমে সমাধানে আগ্রহী।

ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বলেন, ইউরোপ ও আমেরিকার বিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সবগুলোই বেসরকারী।